

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মক্রমে আমরা আহত

আমি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের কাছে বলতে চাই; দেশের সঙ্কটময় মুহুর্তে আপনাদের উপদেশ এবং দিক নির্দেশনা আমাদের জন্য অত্যন্ত জরুরী। এই ধরণের গাইড লাইন দেয়া যেমন আপনাদের সামাজিক দায়িত্ব আবার একি সঙ্গে সমাজ বা রাষ্ট্রবিজ্ঞানের গবেষনারও অংশ। কিন্তু অত্যন্ত পরিতাপের সঙ্গে আপনাদের কিছু কার্যকলাপ আমরা নিন্দুকেরা কটু দৃষ্টিতে দেখছি। আপনারা আজকে ব্যক্তি কেন্দ্রিক এবং দলীয় বিবৃতি দিয়ে যাচ্ছেন এবং কর্মকলাপ করে যাচ্ছেন। আমার মতো সামান্য মানুষের আপনাদের কর্মকলাপের সমালোচনা করার মতো ধূর্ততা সাজে না তবুও না বলে পারছি না; আপনারা ভুলে যাচ্ছেন এই দুই নেত্রীর কার্যক্রমের ইতিহাস। আমি বলতে চাই না যে দেশের সেই ক্রান্তিকালে আপনাদের ভূমিকা কি ছিল? কিন্তু এই সময়ে আপনাদের সঠিক ভূমিকা আমরা আশা করি। আপনারা যদি এই সরকারের কোন নেতিবাচক কর্মক্রমের বিরুদ্ধে অবস্থান নিতেন আমাদের কোন আপত্তি থাকতো না, আপনারা যদি এই সরকারের সাংবিধানিক ভিত্তি নিয়ে প্রশ্ন করতেন আমাদের আপত্তি ছিল না, যদি পক্ষপাতিত্বের অভিযোগ আনতেন বা বিচার প্রক্রিয়া নিয়ে প্রশ্ন করতেন তবুও আপত্তি ছিল না কিন্তু আপনাদের অবস্থান হলো সেই নেত্রীদের পক্ষে যারা আজকের এই সময়ের জন্য দায়ী। তারা শুধু দুর্নীতির দায়েই অভিযুক্ত নন দেশের অরাজকতা সৃষ্টির দায়েও দুষ্ট বলে প্রতিওমান হচ্ছে। এই সরকারের ১১জন ব্যক্তির ভুল হতে পারে কিন্তু আপনদের ২০০জন শিক্ষকের একি ভুল কি করে হতে পারে। তবে একটা সান্তনা এখনো আছে যে আপনাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৫০০ শিক্ষকের সবাই এই ভুলের পক্ষে অবস্থান নেননি। আপনারা যে ২ জন ব্যক্তির জন্য আজ কর্মবিরতি পালন করছেন তাদের একজনের নিজ হাতে দুর্নীতির অভিযোগ রয়েছে এবং আরেকজনের সৃষ্ট মন্ত্রীপরিষদের প্রায় সবাই আজ দুর্নীতির দায়ে অভিযুক্ত এমনকি যারা আজকে বাইরে আছেন তাদের বিরুদ্ধেও এই নেত্রী অভিযোগ করছেন যে, তারাও নাকি অপকর্মে লিপ্ত ছিল এবং নিজেদের পিঠ বাচাতে এখন সংস্কারকর্মী সেজেছে।

তাই মহামন্য শিক্ষকগণের কাছে আমরা দেশের এই ক্রান্তিকালে সঠিক দিক নির্দেশনা চাই। তাদের কাছে উপদেশ চাই, এই সরকারের দেশের স্বার্থে কি কি করা উচিত। দুর্নীতিকে সমূলে উৎপাটন করতে এই সরকারের আরো কি কি পদক্ষেপ নেয়া উচিত। দেশে দ্রব্যমূল্য নিয়ন্ত্রন, আইনের শাসন প্রতিষ্ঠা, গ্রহনযোগ্য নির্বাচনের ব্যাপারে আপনাদের সঠিক গাইড লাইন আমাদের জন্য অত্যন্ত জরুরী। আপনারা দয়া করে একচোখা দলীয় নীতি অবলম্বন করবেন না। আপনাদের এই ধরণের দৃষ্টি আমাদের সাংঘাতিক ভাবে আহত করে প্রশ্নবিদ্ধ করে। আপনাদের প্রত্যেকেই অত্যন্ত মেধাবী, জ্ঞানী এবং প্রাজ্ঞ ব্যক্তিত্ব সেই বিষয়ে আমাদের কোন সন্দেহ নেই। তাই আপনাদের কাছে আমরা মেধা, জ্ঞান ও প্রজ্ঞার নিদর্শন আশা করি এমন কিছু আশা করি না যেটাতে নিরীহ ছাত্র-ছাত্রীদের ক্ষতি হতে পারে।

মুক্তমনার সবাইকে বিরক্ত করার জন্য আবারো দুঃখিত।

ডালিম

dalim_76@yahoo.com